# পিসির ঝুটঝামেলা

**ট্রাবলশুটার টিম**

**সমস্যা :** আমার পিসিতে উইন্ডোজ ৭ ছিল। উইন্ডোজ আপগ্রেড করে উইন্ডোজ ৮ ইনস্টল করার পর কিছুদিন ভালোই চলেছে। এরপর হঠাৎ পিসি হ্যাং করে এবং মেসেজ আসে Windows Explorer has stopped working। এরপর পিসি আবার ঠিক হয়ে যায়। কিন্তু কাজ করার সময় বারবার এ সমস্যা হলে কাজ করা বেশ কঠিন হয়ে পড়ে। আমি নতুন করে আরেকবার উইন্ডোজ ৮ ইনস্টল করে দেখেছি সমস্যার সমাধান হয়নি। এ সমস্যার সমাধান কী?

–বিশ্বজিৎ

**সমাধান :** উইন্ডোজ ৮-এর সঠিক হার্ডওয়্যার ড্রাইভার ইনস্টল করা না থাকলে বা ড্রাইভারে কোনো ত্রুটি থাকলে এ সমস্যা দেখা দেয়। মাদারবোর্ডের মডেল দিয়ে সার্চ করে উইন্ডোজ ৮-এর জন্য সঠিক ড্রাইভার ডাউনলোড করে নিন। আপনার পিসির কনফিগারেশন সম্পর্কে ধারণা দিলে আরও ভালোভাবে পরামর্শ দেয়া যেত। উইন্ডোজের কোনো ফাইল মিসিং থাকলে বা ড্যামেজ হয়ে থাকলেও এমনটা হতে পারে। যে ডিস্ক থেকে উইন্ডোজ ইনস্টল করছেন তাতে সমস্যা থাকতে পারে, যার কারণে সঠিকভাবে অপারেটিং সিস্টেম ইনস্টল হচ্ছে না। অন্য আরেকটি ডিস্ক থেকে নতুন করে উইন্ডোজ ইনস্টল করে দেখুন এ সমস্যা দেখায় কি না। উইন্ডোজ ৮-এর বদলে তার পরবর্তী ভার্সন ৮.১ ইনস্টল করুন। এটি উইন্ডোজ ৮-এর চেয়ে আপডেটেড এবং উন্নত। যদি পিসিতে র‌্যামের পরিমাণ ৪ গিগাবাইটের বেশি হয়, তবে ৬৪ বিট অপারেটিং সিস্টেম ব্যবহার করুন। এতে পিসির পারফরম্যান্স ভালো পাবেন। ৬৪ বিট অপারেটিং সিস্টেম ব্যবহার করলে সাথে ৬৪ বিট সাপোর্টেড হার্ডওয়্যার ড্রাইভার ব্যবহার করতে হবে।

**সমস্যা :** আমার পিসির কনফিগারেশন পেন্টিয়াম ডুয়াল কোর, ২ গিগাবাইট র‌্যাম, ইন্টেল জি৪১ মাদারবোর্ড ও ৫০০ গিগাবাইট হার্ডডিস্ক। আমার পিসির সমস্যা হলো পিসিতে যখন কাজ করা হয় না বা পিসি খোলা রেখে গেলে তা বন্ধ হয়ে যায়। মাউস ও কিবোর্ড অনেকক্ষণ নড়াচড়া করার পর হঠাৎ করে অন হয়। অনেক সময় অন হয় না। আবার পাওয়ার বাটন ক্লিক করে তা অন করতে হয়।

–হিল্লোল

**সমাধান :** পিসিতে কোনো কাজ না চললে তা আপনা-আপনি স্লিপ মোডে চলে যাবে। এর মাধ্যমে বিদ্যুৎ সাশ্রয় করা হয়। কিবোর্ডের কী বা মাউস নাড়া দিলেই সাথে সাথে পিসি আবার চালু হয়ে যাবে। ঠিক যে অবস্থায় পিসি রেখে যাওয়া হয়েছে, ঠিক সে অবস্থাতেই চালু হবে। কিন্তু আপনি লিখেছেন তা হয় না। কোনো ডিভাইস থেকে সৃষ্ট অনিয়ন্ত্রিত কোনো কমান্ড কমপিউটারকে স্লিপ মোডে পাঠানো বা স্লিপ মোড থেকে ফিরে আসার বিষয়ে সমস্যা সৃষ্টি করতে পারে। যেসব ডিভাইসকে কমপিউটারকে স্লিপ মোড থেকে সক্রিয় করার জন্য অনুমোদন দেয়া হয়েছে তাদের তালিকা স্টার্ট মেনুতে powercfg লিখে এন্টার চেপে প্রোগ্রামটি রান করে devicequery wake_armed কমান্ড ব্যবহার করে দেখে নিতে পারেন। সেই তালিকা অনুযায়ী ডিভাইস ম্যানেজার ওপেন করে প্রতিটি ডিভাইসকে শনাক্ত করতে পারেন। এর মধ্য থেকে কোনো একটি ডিভাইসের নামের ওপর ডাবল ক্লিক করে প্রপার্টিজ উইন্ডো ওপেন করুন। এবার উইন্ডোর পাওয়ার ম্যানেজমেন্ট ট্যাব থেকে allow this device to wake this computer চেকবক্সটি শনাক্ত করে সেটি আনচেক করে দিন। যেসব ডিভাইস কমপিউটারের স্বাভাবিক স্লিপ মোডকে বিঘ্নিত করছে বলে সন্দেহ হয়, সেসব ডিভাইসের ক্ষেত্রে অনুরূপ ব্যবস্থা নিন। এরপরও যদি কমপিউটার স্লিপ মোডে না যায়, তাহলে উইন্ডোজ আপডেট করে দেখতে পারেন সমস্যাটি যাচ্ছে কি না। এ ছাড়া উইন্ডোজের সার্চ অপশন থেকে অ্যাকশন সেন্টার ওপেন করে মেইনটেন্যান্স সেকশনে ক্লিক করতে পারেন। এবার মেনু থেকে 'change maintenance settings'-এ ক্লিক করে 'allow scheduled maintenance to wake up my computer' বক্সটি আনচেক করে দিন। বিকল্প পন্থা হিসেবে মেইনটেন্যান্স অপশনটি এমনভাবে সেট করে দিন, যাতে এটি এমন সময় রান করবে, যখন আপনি কমপিউটারে কাজ করছেন না।

**সমস্যা :** আমার কমপিউটারে পাওয়ার আসে না। পাওয়ার সুইচ চাপার পরও কোনো কাজ হয় না। মাঝে মাঝে প্রসেসরের ফ্যান একটু ঘুরে, কিন্তু তারপরই তা বন্ধ হয়ে যায়। এ ক্ষেত্রে করণীয় কী? তাই কমপিউটার জগৎ-এর শরণাপন্ন হলাম।

–টুটুল

**সমাধান :** পিসির পাওয়ার কর্ডগুলো সব খুলে আবার ভালো করে লাগিয়ে নিন। তারপরও যদি কাজ না করে তবে বুঝতে হবে পাওয়ার সাপ্লাই ইউনিটের সমস্যা। নতুন পাওয়ার সাপ্লাই ইউনিট কিনে লাগিয়ে নিন। এতে আপনার পিসির সমস্যা সমাধান হয়ে যাবে। এ সমস্যা অনেক সময় মাদারবোর্ডের সমস্যার কারণেও হতে পারে। তাই এ ব্যাপারটিও মাথায় রাখবেন কজ

*ফিডব্যাক : jhutjhamela24@gmail.com*